# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
## স্বাধীনতা ভবন
## ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
## প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ০৬/০৩/২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা |

সভায় কমিটির সদস্যবৃন্দের উপস্থিতি সংযোজনী-"ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে)<br>আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১.১ ট্রাস্টের সচিব (উপসচিব) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এ নৈতিকতা কমিটির মোট ০৪টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অদ্যকার সভাটিসহ মোট ০৩টি সভা অনুষ্ঠিত হলো। সভাপতি অবশিষ্ট সভাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য গুরুত্বারোপ করেন। | নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট সভা আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১.২ সভাপতি নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে । | সংশ্লিষ্ট বিভাগ/শাখা/ ফোকাল পয়েন্ট, ইনোভেশন, বামুকট্রা। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের stakeholders) অংশগ্রহণে সভা | ৩.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে মোট ০৪টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং আগামী ১০/০৩/২০২২ খ্রি: তারিখে আরও একটি সভা অনুষ্ঠিত হবে। সভাপতি অবশিষ্ট সভাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য গুরুত্বারোপ করেন। | নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট সভাসমূহ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২-এ (২৫+২৫)=৫০ জন কর্মকর্তা ও কর্মচারীদেরকে নিয়ে ০২ টি প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে মোতোবেক গত ৩০/০৯/২০২১ খ্রি: তারিখে ২৫ জনকে নিয়ে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট প্রশিক্ষণটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য গুরুত্বারোপ করেন। | নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত সংখ্যক কর্মশালা/সেমিনার/ প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |

চলমান পাতা-০২

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | (ক) কোভিড-১৯ করোনা ভাইরাস রোগের বিস্তার রোধকল্পে স্বাস্থ্য বিধি অনুসরণ করার উপর গুরুত্বারোপ করেন। | (ক) নির্ধারিত তারিখের মধ্যে No Mask No Service ও Wear Mask Get Service মুদ্রিত স্টিকার দপ্তরের দৃশ্যমান স্থানসহ প্রধান ফটকে লাগাতে হবে। দপ্তরের প্রধান ফটকে কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক ও আগত স্টেকহোল্ডারদের/ অন্যান্যদের শরীরের তাপমাত্রা পরিমাপকরণ ও স্যানিটাইজকরণের ব্যবস্থা করতে হবে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে চলাফেরা করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| | (খ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গুরুত্বারোপ করেন। | (খ) নির্ধারিত তারিখের মধ্যে ট্রাস্টের অকেজো গাড়ি বিনষ্টকরণ কমিটির সুপারিশ অনুযায়ী নিলামে গাড়ি বিক্রির কার্যক্রম গ্রহণ করতে হবে। | অকেজো গাড়ি বিনষ্টকরণ কমিটি বামুকট্রা/শিল্প ও বাণিজ্য বিভাগ |
| | (গ) পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য ট্রাস্ট প্রধান কার্যালয় রংকরণ, অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ ও অফিসের অন্যান্য স্থান নিয়মিত পরিস্কারকরণ এবং ভাঙ্গা ফুলের টব, ভাঙ্গা ডাস্টবিন অপসারণ করে নতুন টব ও ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়মিত পরিস্কার রাখতে হবে। এছাড়াও সভাকক্ষের ভিতরে রং করার কার্যক্রম গ্রহণ করতে হবে। | (গ) ট্রাস্ট প্রধান কার্যালয় রংকরণ, অফিস কক্ষ, আঙিনা, ফ্লোর, ভবনের ছাদ ও অফিসের অন্যান্য স্থান নিয়মিত পরিস্কারকরণ এবং ভাঙ্গা ফুলের টব, ভাঙ্গা ডাস্টবিন অপসারণ করে নতুন টব ও ডাস্টবিন প্রতিস্থাপন ও নিয়মিত পরিস্কার রাখতে হবে। | ট্রাস্ট প্রধান কার্যালয় রংকরণ কমিটি/ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন বিভাগ) |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ১.৬ সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড যথাযথভাবে আপলোড করার উপর গুরুত্বারোপ করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী গৃহীত কার্যক্রম এ ট্রাস্টের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে। | সহকারী প্রোগ্রামার (আইসিটি), বামুকট্রা |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ১.৮ সচিব ও ফোকাল পয়েন্ট বলেন আগামী ৩০/০৬/২০২২ খ্রি; তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের নামের তালিকা প্রকাশ করার নির্দেশনা রয়েছে। সভাপতি যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করে পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ইনোভেশন টিম ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), বামুকট্রা |

| আলোচ্য বিষয় | কর্মসম্পাদন সূচক (ক্রমানুসারে) আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ দুর্নীতি প্রতিরোধে কমিটি গঠন | ৩.১ সচিব বলেন জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যেই দুর্নীতি প্রতিরোধে কমিটি গঠন করা হয়েছে। সভাপতি গঠিত কমিটির নিয়মিত সভা হওয়ায় তিনি ক্ষোভ প্রকাশ করেন। তিনি নিয়মিত সভা আহবান করার নির্দেশনা প্রদান করেন। | দুর্নীতি প্রতিরোধে গঠিত কমিটির নিয়মিত সভা করতে হবে। | সভাপতি দুর্নীতি প্রতিরোধে গঠিত কমিটি গঠিত কমিটি বামুকট্রা, |
| ৩.২ সেবা সপ্তাহ চালু ও সেবা মনিটরিং | ৩.২ সচিব বলেন, আগামী ৩১/০৩/২০২১ খ্রি; তারিখের মধ্যে সেবা সপ্তাহ পালন করার নির্দেশনা রয়েছে। তবে গত ০৬-০১-২০২২ হতে ১২/০১/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে একত্রে সেবা সপ্তাহ পালনের সিদ্ধান্ত থাকায় উক্ত তারিখে এ ট্রাস্টের সেবা সপ্তাহ পালিত হয়েছে। | যথাসময়ে সেবা সপ্তাহ পালিত হওয়ায় আগামী কার্যপত্র থেকে তা বাদ দিতে হবে। | সচিব (উপসচিব) বামুকট্রা/নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৩ দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীদেরকে নিয়ে কর্মশালা/ সেমিনারের আয়োজন | ৩.৩ সচিব বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীদেরকে নিয়ে মোট ০৪টি কর্মশালা/ সেমিনারের/ প্রশিক্ষণের আয়োজন নির্দেশনা থাকায় ইতোমধ্যে ০৩টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সভাপতি অবশিষ্ট প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। | দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীদেরকে নিয়ে নির্ধারিত তারিখের মধ্যে অবশিষ্ট কর্মশালা/সেমিনারের আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৪ দুর্নীতির বিরোধী প্রচারণার অংশ হিসেবে দুর্নীত সম্পর্কিত স্লোগান সম্বলিত লিফলেট/ পোস্টার ট্রাস্টের বিভিন্ন বিভাগ/শাখায় প্রদর্শন | ৩.৪ সচিব বলেন দুর্নীতির বিরোধী প্রচারণার অংশ হিসেবে দুর্নীত সম্পর্কিত স্লোগান সম্বলিত লিফলেট/পোস্টার ট্রাস্টের বিভিন্ন বিভাগ/শাখায় প্রদর্শন নির্দেশনা থাকায় তা ইতোমধ্যেই বাস্তবায়ন করা হয়েছে। | যথাসময়ে কার্যক্রম সম্পন্ন হওয়ায় আগামী কার্যপত্র থেকে তা বাদ দিতে হবে। | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বামুকট্রা। |
| ৩.৫ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে আগত সেবা গ্রহিতাদের সেবা প্রদান সহজিকরণের নিমিত্ত ফ্রন্ট ডেক্স স্থাপন | ৩.৫ সচিব বলেন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে আগত সেবা গ্রহিতাদের সেবা প্রদান সহজিকরণের নিমিত্ত ফ্রন্ট ডেক্স স্থাপন করার জন্য নির্দেশনা থাকায় ইতোমধ্যেই এ বিষয়ে ফ্রন্ট ডেক্স স্থাপনসহ কর্মচারীদেরকে দায়িত্ব দিয়ে অফিস আদেশ জারি করা হয়েছে | যথাসময়ে কার্যক্রম সম্পন্ন হওয়ায় আগামী কার্যপত্র থেকে তা বাদ দিতে হবে। | সচিব (উপসচিব) বামুকট্রা/নৈতিকতা কমিটি, বামুকট্রা। |

০২। অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
ফোনঃ ৯৫৫৬১৮১৩

চলমান পাতা-০৪

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৪.২১-৬৬৭

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮
১৩ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। যুগ্মসচিব (সনদ, গেজেট ও প্রত্যয়ন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৩। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৪। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৫। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অর্থ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি,বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৮। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, ও সদস্য ইনোভেশন টিম, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। (ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরাধসহ)
০৯। অফিস কপি/গার্ড ফাইল।

১৩/০৩/২২

(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
ও
ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।